

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
পল্লীতলা, নওগাঁ।

তারিখ ১৭/০১/২০২৪ খ্রি.

স্মারকনং-৩১.৪৩.৬৪৭৫.০০১.৪১.০০১.২৪- ৫৪


২০.০০ একর পর্যন্ত জলমহালের অনলাইনে ইজারা বিজ্ঞপ্তি

জলমহাল ইজারার জন্য অনলাইনে আবেদন দাখিলের বিধান প্রবর্তন করার প্রেক্ষিতে নওগাঁ জেলার পল্লীতলা উপজেলার নিবন্ধিত ও প্রকৃত সম্ভার সমিতি/সংগঠনকে সরকারি জলমহাল ব্যবস্থাপনা নীতি, ২০০৯ অনুযায়ী ১৪৩১ সনের ১লা বৈশাখ হতে ১৪৩৩ সনের ৩০ চৈত্র পর্যন্ত ০৩ (তিন) বছর মেয়াদে শর্ত সাপেক্ষে ইজারা প্রদানের নিমিত্ত অনলাইনে আবেদন আহবান করা যাচ্ছে। অনলাইনে জলমহাল ইজারার আবেদনের জন্য [www.jm.lams.gov.bd](http://www.jm.lams.gov.bd) ওয়েবসাইটে প্রবেশ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করে নির্ধারিত তথ্যাদি প্রদানপূর্বক আবেদন দাখিল করতে হবে। দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ভূমি মন্ত্রণালয়ের ০২/১১/২০২৩ খ্রি. তারিখের ৩১.০০.০০০০.০৫০.৬৮.০২০.০৯(অংশ-২).৬৬২ নং স্মারকে প্রকাশিত পরিপত্র অনুযায়ী নির্ধারিত সময়ের মধ্যে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পল্লীতলা বরাবর দাখিল করতে হবে।

প্রজ্ঞাপন অনুযায়ী অনলাইনে আবেদন দাখিল ও দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি জমাদানের তারিখ

ক্রমিক নং	তারিখ	কার্যক্রম
১.	০৯ মাঘ থেকে ০৩ ফাল্গুন ১৪৩০ বঙ্গাব্দ (২৩ জানুয়ারি হতে ১৬ ফেব্রুয়ারি)	উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পল্লীতলা, নওগাঁ ও সহকারী কমিশনার (ভূমি), পল্লীতলা, নওগাঁ এর কার্যালয় হতে ৫০০/- টাকার (অফেরতযোগ্য) দরপত্র/আবেদনপত্র অফিস চলাকালীন সময়ে ক্রয় সাপেক্ষে অনলাইনে আবেদন দাখিল। দরপত্র বা আবেদন ফরমে বর্ণিত শর্তাবলীসহ সর্বশেষ সরকারি পরিপত্র/নীতিমালা অনুসরণ প্রযোজ্য হবে।
২.	০৩ ফাল্গুন থেকে পরবর্তী ০৩ (তিন) কার্যদিবসের মধ্যে ১৪৩০ বঙ্গাব্দ (১৬ ফেব্রুয়ারি হতে ২০ ফেব্রুয়ারি)	অনলাইনে দাখিলকৃত আবেদনের প্রিন্টেড কপি ও জামানতের মূল কপি সিলগালা মুখবন্ধ খামে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পল্লীতলা, নওগাঁ বরাবর দাখিল।

এ সংক্রান্ত বিস্তারিত তথ্যাদি ও জলমহালের তালিকা ১) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, পল্লীতলা, নওগাঁ ২) উপজেলা ভূমি অফিস, পল্লীতলা, নওগাঁ ও [www.jm.lams.gov.bd](http://www.jm.lams.gov.bd) হতে জানা যাবে। বিজ্ঞপ্তির যে কোন শর্তাবলী সংযোজন/বিয়োজন/বাতিলের ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

  
(টুকটুক তালুকদার)

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

উপজেলা জলমহাল ব্যবস্থাপনা কমিটি  
পল্লীতলা, নওগাঁ।